



Regional Office : Caritas Rajshahi Region, Mohishbathan, Rajshahi Court, GPO Box 19, Rajshahi-6000.

Ref. No. Yours:

Ours:

রাজ/আরডি/২০১৫/৩২৬১

Date: ০১/৯/২০১৫

পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

কারিতাস রাজশাহী অঞ্চলের আওতাধীন রাজশাহী জেলার অন্তর্গত পোরশা উপজেলাধীন তেতুলিয়া ইউনিয়নের আওতাভুক্ত দয়াহার গ্রামে আলোঘর (Lighthouse) প্রকল্পের আওতাভুক্ত দয়াহার শিশু শিক্ষাকেন্দ্রের জন্য নিম্নবর্ণিত বিবরণ ও শর্তাবলীরভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ীভাবে শিক্ষক/শিক্ষিকা নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিক এর নিকট হতে পূর্ণ জীবন বৃত্তান্ত, দুই কপি পাসপোর্ট সাইজের ছবি, চারিত্রিক সনদপত্র, জাতীয় পরিচয় পত্র ও অন্যান্য সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি এবং দুইজন স্বনামধন্য ব্যক্তির রেফারেন্সসহ প্রার্থীর স্বহস্তে লিখিত আবেদন আহবান করা যাচ্ছে। আবেদন পত্র আগামী ১০/৯/২০১৫ তারিখের মধ্যে ডাকযোগে অথবা হাতে হাতে কারিতাস আলোঘর গোমস্তাপুর এরিয়া অফিস, আড্ডা, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ-এ পৌছাতে হবে।

আবেদনের শর্তাবলী

১. প্রার্থীকে ন্যূনতম এস.এস. সি. পাশ হতে হবে। তবে যোগ্য আদিবাসী ও মহিলা (উরাঁও) প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা নবম শ্রেণি পাশ হলেও হবে।
২. প্রার্থীর বয়স ১৮ থেকে ৩৫ বছর হতে হবে (৩১ আগস্ট, ২০১৫ খ্রিস্টাব্দ অনুযায়ী)।
৩. প্রাথমিক বিদ্যালয় পর্যায়ে শিক্ষকতারত অভিজ্ঞদের এবং যোগ্য মহিলা প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।
৪. প্রকল্পের নীতিমালা অনুযায়ী ভাতা প্রদান করা হবে।
৫. আবেদনকারীকে অবশ্যই স্কুলের ২ কিঃ মিঃ দূরত্ব আওতাভুক্ত বাসিন্দা হতে হবে। তবে কম দূরত্বের প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
৬. আগামী ১২/৯/২০১৫ তারিখ সকাল ১০:০০ ঘটিকার সময় লিখিত ও মৌখিক পরীক্ষা কারিতাস পোরশা উপজেলা অফিস, কুশারপাড়া, পোরশা, নওগাঁ-তে অনুষ্ঠিত হবে।
৭. চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৮. অধ্যয়নরতদের আবেদন করার প্রয়োজন নেই/ আবেদন গ্রহণযোগ্য নয়।
৯. কেবলমাত্র বাছাইকৃত প্রার্থীদেরকেই লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য মনোনীত করা হবে। এক্ষেত্রে কোন প্রকার ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে না এবং যাতায়াত ভাতা প্রদান করা হবে না। তাই জরুরিভিত্তিতে যোগাযোগের জন্য মোবাইল নম্বর আবেদনের সাথে দিতে হবে।
১০. ত্রুটিপূর্ণ বা অসম্পূর্ণ আবেদন পত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।
১১. আবেদন পত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
১২. আঞ্চলিক পরিচালক, কারিতাস রাজশাহী অঞ্চল, মহিষবাথান, রাজশাহী- বরাবর আবেদন করতে হবে।
১৩. প্রকাশ থাকে যে, কোন কারণ ব্যাখ্যা না করেই আঞ্চলিক কর্তৃপক্ষ উক্ত পরীক্ষা সম্পূর্ণভাবে বাতিল অথবা স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

Amis & Banerjee

আঞ্চলিক পরিচালক
কারিতাস রাজশাহী অঞ্চল।

০১/৯/১৫